২/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০১.২০২০-৪১

তারিখ : ২১ মাঘ ১৪২৬ ব:
০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

বিষয় : "১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা গত ২৬ জানুয়ারি ২০২০ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মো: শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৪/০২/২০২০

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৪৫২৫

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর , আগারগাঁও, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (বহিরাগমন ও পাসপোর্ট), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. যুগ্ম-সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব এবং প্রকল্প পরিচালক,"১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ" শীর্ষক প্রকল্প, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৬ জানুয়ারি' ২০২০ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন। তিনি প্রকল্পের জমি অধিগ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনে মন্ত্রণালয়ের সহযোগিতা নেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। অত:পর তিনি সিনিয়র সহকারী প্রধান-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী প্রধান জানান যে, আলোচ্য প্রকল্পটি গত ০৩/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৮৭০০.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ থেকে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয় এবং ০২/০৮/২০১৮ তারিখে প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হয়। তিনি আরো জানান, আলোচ্য প্রকল্পের আওতায় ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস (বান্দরবান, খাগড়াছড়ি, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, নাটোর, জয়পুরহাট, পিরোজপুর, ঝালকাঠি, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, ঠাকুরগাঁও, পঞ্চগড়, শেরপুর) নির্মাণ এবং সিলেট পাসপোর্ট অফিসের উর্ধ্বমূখী সম্প্রসারণ করার সংস্থান আছে। অক্টোবর ২০১৯ পর্যন্ত এ প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১১৯৩.০৯ লক্ষ টাকা (১৩.৭১%) এবং চলতি ২০১৯-২০ অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে ২০০০.০০ লক্ষ বরাদ্দ আছে।

০৩। প্রকল্পের জমি অধিগ্রহণ সংক্রান্ত অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় আঞ্চলিক পাসপোর্ট অফিস খাগড়াছড়ি, পিরোজপুর, ঝালকাঠি, শেরপুর এর ভূমি অধিগ্রহণ সম্পন্ন করে জমির মূল্য বাবদ অর্থ পরিশোধ করা হয়েছে, দরপত্র আহবানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এছাড়া, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইলের ভূমি অধিগ্রহণে জমির মালিক পক্ষের আপত্তি মামলার (এল,এ,কেস,নং ৩/২০১৮-২০১৯) কয়েক দফা শুনানী হয়, শুনানী শেষে গত ১৩/১১/২০১৯ তারিখে বিজ্ঞ আদালত সরকার পক্ষে রায় দেন এবং সে অনুযায়ী ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, চুয়াডাঙ্গার খাস জমিতে প্রকল্প বাস্তবায়ন হবে বিধায় সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে ভূমি মন্ত্রণালয়ে ভূমি বরাদ্দের ব্যাপারে পত্র প্রেরণ করা হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, মেহেরপুরের জেলা প্রশাসকের কার্যালয়ে ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান। আঞ্চলিক পাসপোর্ট অফিস, নাটোর এর জমির বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। গত ০৫/১১/২০১৯ তারিখে ভূমি বরাদ্দ কমিটির জারিকৃত সাত (০৭) ধারা নোটিশের শুনানী হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, জয়পুরহাট এর প্রশাসনিক অনুমোদনকৃত জমির বরাদ্দ বাতিল হওয়ায় নতুন নির্বাচিত জমি প্রশাসনিক অনুমোদন সুরক্ষা সেবা বিভাগ হতে ২৫/০৭/২০১৯ তারিখে

দেয়া হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধার জন্য জেলা প্রশাসক এর কার্যালয় হতে জমির মূল্য নির্ধারণী প্রাক্কলন পাওয়া গেছে। অধিগ্রহণ মূল্য বাবদ অর্থ পরিশোধ করা হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাট এর ভূমি অধিগ্রহণের অর্থ পরিশোধ করা হয়েছে। কুড়িগ্রাম এর পাসপোর্ট অফিসের বিষয়ে সমন্বিত অফিস ভবন নির্মাণ সংক্রান্ত ইস্যুতে জেলা প্রশাসক কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা চাওয়া হয়েছে এবং এর আলোকে সুরক্ষা সেবা বিভাগ থেকে গত ২৫/৭/২০১৯ তারিখে পত্র দেয়া হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারী এর ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঠাকুরগাঁও এর জন্য খাস জমি বরাদ্দের বিষয়ে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, পঞ্চগড় এর ভূমি অধিগ্রহনের এবং মূল্য নির্ধারণের কাজ শেষ হয়েছে এবং অধিগ্রহণ মূল্য বাবদ অর্থ পরিশোধ করা হয়েছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, বান্দরবান এর জমি অধিগ্রহণের মূল্য নির্ধারণের কাজ চলছে।

০৪। প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী জমির ক্ষতিপূরণ তিনগুণ হওয়ায় অধিগ্রহণ বাবদ মূল্য পুনরায় নির্ধারণ করা প্রয়োজন। এছাড়া, পিডব্লিউডি'র রেইট সিডিউল পরিবর্তন হওয়ায় প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে। উল্লিখিত দুটি কারণে ডিপিপি সংশোধন করা প্রয়োজন। প্রকল্প পরিচালক আরো উল্লেখ করেন যে, ১৭ পাসপোর্ট প্রকল্পের আওতাধীন গাজীপুরের জমি সংক্রান্ত মামলা থাকায় এটি ১৬ পাসপোর্ট প্রকল্পে স্থানান্তর করে ১৭ পাসপোর্ট প্রকল্পটি চলতি ২০১৯-২০ অর্থবছরে সমাপ্ত করা যেতে পারে।

০৫। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ এবং কার্যক্রম বিভাগের প্রতিনিধিগণ আলোচ্য প্রকল্পের ভূমি অধিগ্রহণ, পিডব্লিউডি'র রেইট সিডিউল পরিবর্তনজনিত কারণে ডিপিপি সংশোধন করা যেতে পারে মর্মে মতামত দেন। এছাড়া, ১৬ পাসপোর্ট প্রকল্পের সংশোধনের বিষয়ে আরো সুনির্দিষ্ট ভবে পরীক্ষা-নিরীক্ষা করে সংশোধিত ডিপিপি প্রণয়ন করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

০৬। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, আলোচ্য প্রকল্পের আওতায় যে সকল ক্ষেত্রে জমি অধিগ্রহণের কাজ সমাপ্ত হয়েছে সে সকল ক্ষেত্রে পিডব্লিউডি'র রেইট সিডিউল ২০১৪ এর পরিবর্তে ২০১৮ এর রেইট সিডিউলের আওতায় দরপত্র আহবান করায় ডিপিপি'র মূল্যের চেঁয়ে রেইট বেশি হচ্ছে। ডিপিপি সংশোধন সময় সাপেক্ষ বিধায় ডিপিপি সংশোধনকালে বিষয়টি সংশোধিত ডিপিপি'তে প্রতিফলন করার শর্তে এবং পরিকল্পনা কমিশনের সম্মতি সাপেক্ষে উক্ত বিষয়ে দরপত্র আহবান করা যেতে পারে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বর্তমান ডিপিপি'র অনুমোদিত মূল্যের মধ্যে অর্থছাড়, অর্থ ব্যয় এবং প্রকল্প সংশোধনের পর বর্ধিত অর্থছাড় এবং অর্থ ব্যয় করার বিষয়ে মতামত প্রদান করেন। উক্ত বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৭। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৭.১) প্রকল্পের আওতাভুক্ত পাসপোর্ট অফিসসমূহের জমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে নিয়মিত যোগাযোগ করা এবং প্রয়োজনে সুরক্ষা সেবা বিভাগের সহযোগিতা গ্রহণ করা;

(৭.২) ভূমি অধিগ্রহণ সংক্রান্ত মূল্য বৃদ্ধি, পিডব্লিউডি'র রেইট সিডিউল পরিবর্তন, ১৭ পাসপোর্ট প্রকল্পভুক্ত গাজীপুর আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ ১৬ পাসপোর্ট প্রকল্পে স্থানান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় যাচাই-বাছাই অন্তে দ্রুত ডিপিপি সংশোধন করা;

(৭.৩) ভূমি অধিগ্রহণ সম্পন্নকৃত জেলাসমূহে পিডব্লিউডি'র রেইট সিডিউল ২০১৪ এর পরিবর্তে ২০১৮ এর রেইট সিডিউল এর আওতায় দরপত্র আহবান করার বিষয়ে পরিকল্পনা কমিশনের সম্মতি গ্রহণ করা এবং এ বিষয় অর্থছাড় ও অর্থব্যয় ডিপিপি'র মূল্যের মধ্যে সীমাবদ্ধ রাখা;

(৭.৪) প্রকল্পের কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প পরিচালক এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তা এবং সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রকল্প বাস্তবায়নের কাজ নিবিড়ভাবে তদারকি করা;

(৭.৫) প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহনের ইনভেন্ট্রি রেজিস্টার এবং স্টক রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করা;

(৭.৬) প্রকল্পের কাজ সরেজমিন পরিদর্শনকালে কাজের বাস্তব অগ্রগতি সম্পর্কে মন্তব্য/মতামত লিপিবদ্ধ করার লক্ষ্যে প্রকল্প সাইটে সাইট বুক সংরক্ষণ করা;

(৭.৭) প্রকল্পের কাজের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন করা।

০৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

২৬ জানুয়ারি ২০২০ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোহাম্মদ আজহারুল হক অতি: সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01711567052 | [illegible] 26/01 |
| ২. | মেজর [illegible] সহকারী [illegible] | [illegible] | | [illegible] 26/01/2020 |
| ৩. | মো: [illegible] যুগ্ম-প্রধান | [illegible] | [illegible] | [illegible] 26/1/2020 |
| ৪. | মো: মজিবুর যুগ্ম-প্রধান | কার্যক্রম বিভাগ | 01552319326 | [illegible] |
| ৫. | মো: [illegible] অতিরিক্ত প্রধান স্থপতি | পরিকল্পনা ও উন্নয়ন [illegible] স্থাপত্য অধিদপ্তর | 01794-113848 | [illegible] 26/01/2020 |
| ৬. | মো: [illegible] পরিচালক | [illegible] | 0179875[illegible] | [illegible] |
| ৭. | মো: [illegible] রহমান তত্ত্বাবধায়ক প্রকৌ: (উন্নয়ন) | PWD | 01711-130416 | [illegible] 26/1/20 |
| ৮. | আব্দুল্লাহ আল মামুন নির্বাহী প্রকৌশলী | PWD | [illegible] | [illegible] |
| ৯. | মো: [illegible] রহমান যুগ্ম সচিব | SSD | 01715008050 | [illegible] |
| ১০. | মো: [illegible] যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক | SSD | 01716821251 | [illegible] |
| ১১. | বিশ্বজিৎ বড়ুয়া নির্বাহী [illegible] | DOA | 01772500800 | [illegible] |
| ১২. | প্রদীপ [illegible] চক্রবর্তী অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | [illegible] | [illegible] 26/1/2020 |
| ১৩. | মো: [illegible] যুগ্ম সচিব | FD | 01711-970906 | [illegible] |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৪. | [illegible] আক্তার<br>সিঃ সহঃ প্রধান | SSD | 01716323848 | [illegible] |
| ১৫. | [illegible] মো: [illegible]<br>[illegible] ([illegible]) | SSD | 01727202762 | [signature] |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |